তারিখ ..........
পৃষ্ঠা ... কলাম ...

# যশোরে তিনটি কলেজে শিক্ষক সঙ্কট : লেখাপড়া ব্যাহত

**যশোর প্রতিনিধি**

যশোরের ৩টি সরকারি কলেজে শিক্ষক সঙ্কটের কারণে ছাত্রছাত্রীদের লেখাপড়া দারুণ ব্যাহত হচ্ছে। এই ৩টি শিক্ষা প্রতিষ্ঠানে ২৫২ জন শিক্ষকের মধ্যে ৮৮টি পদ দীর্ঘদিন যাবৎ শূন্য রয়েছে। এরমধ্যে সরকারি সিটি কলেজ ও সরকারি মহিলা কলেজে কোন অধ্যক্ষ নেই। ১৯৯৭ সালে ওই তিন শিক্ষা প্রতিষ্ঠানে নতুন নতুন অনার্স কোর্স চালু করা হলেও বাড়েনি আসনের জন্য কোন শিক্ষক নিয়োগ দেয়া হয়নি। সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, সরকারি এমএম বিশ্ববিদ্যালয় কলেজে ১৪ হাজার ছাত্রছাত্রী পড়াশোনা করছে। কলেজটিতে ১৫টি বিষয়ে অনার্স ও ১৬টি বিষয়ে মাস্টার্স কোর্স চালু রয়েছে। ১৫২ জন শিক্ষকের মধ্যে বর্তমানে মাত্র ৮৭ জন কর্মরত রয়েছেন। এমএম বিশ্ববিদ্যালয় কলেজে গড়ে ১৬১ জন ছাত্রছাত্রীর জন্য শিক্ষক রয়েছেন মাত্র ১ জন। শহরের প্রধান ৩টি সরকারি কলেজের মধ্যে সিটি কলেজের অবস্থান সবদিক দিয়েই নাজুক। এই কলেজে ছাত্রছাত্রীর সংখ্যা ২ হাজার ১৪৫ জন। অথচ শিক্ষক রয়েছেন মাত্র ৪১ জন। বারবার দাবি জানানো সত্ত্বেও ২১টি শিক্ষকের শূন্যপদ দীর্ঘদিনেও পূরণ করা হয়নি। এখানে ২টি বিষয়ে অনার্স ও ১টি বিষয়ে মাস্টার্স কোর্স চালু রয়েছে। শহরের একমাত্র সরকারি মহিলা কলেজে প্রায় ৩ হাজার শিক্ষার্থী লেখাপড়া করছে। এই কলেজে ৫২ জন শিক্ষক থাকার কথা থাকলেও বর্তমানে কর্মরত আছেন মাত্র ৩৬ জন। এরমধ্যে ২ জন শিক্ষকের চাকরির মেয়াদ প্রায় শেষ হওয়ার পথে।

বছরের পর বছর শিক্ষক সঙ্কটের কারণে এই ৩টি শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্রছাত্রীদের লেখাপড়া দারুণভাবে ব্যাহত হচ্ছে। শিক্ষক নিয়োগের দাবিতে ছাত্রছাত্রীরা মাঝে মধ্যে আন্দোলনে নামলেও তা কোন কাজে আসেনি।